



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৪৭

বঙ্গবন্ধু বেঁচে থাকলে স্বাধীনতার দশ-পনেরো বছরের মাথায় বাংলাদেশ উন্নত-সমৃদ্ধ দেশ হতো
- তথ্য ও সম্প্রচারমন্ত্রী

রাজশাহী; ১০ ভাদ্র (২৫ আগস্ট):

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বঙ্গবন্ধুকে যখন হত্যা করা হয় তখন বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ছিল ৯ দশমিক ৫ শতাংশ। স্বাধীনতার ৫২ বছর অতিক্রান্ত হয়েছে, আমরা বঙ্গবন্ধুর সেই রেকর্ড অর্থনৈতিক প্রবৃদ্ধি আজ পর্যন্ত অর্জন করতে পারিনি। বঙ্গবন্ধু যদি বেঁচে থাকতেন তাহলে সাড়ে ৯ শতাংশ বা ডাবল ডিজিট অর্থনৈতিক প্রবৃদ্ধি অব্যাহত থাকতো এবং বাংলাদেশ স্বাধীনতা অর্জনের দশ থেকে পনেরো বছরের মাথায় হতো একটি উন্নত ও সমৃদ্ধ দেশ।

আজ শুক্রবার (২৫ আগস্ট) সন্ধ্যায় রাজশাহীর বাঘা উপজেলার আড়ানি মনোমোহিনী হাই স্কুল মাঠে উপজেলা আওয়ামীলীগ আয়োজিত ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও ২১ আগস্টের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ড. হাছান মাহমুদ বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বপ্ন দেখেছিলেন একটি উন্নত সমৃদ্ধ রাষ্ট্র গঠন করবেন। ১৯৭২ সালের ১২ জানুয়ারি বঙ্গবন্ধু যখন এদেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন, তখন বাংলাদেশ ছিল একটি বিধ্বস্ত জনপদ। এক কোটি মানুষ ভারতে আশ্রয়গ্রহণ করেছিল, আরো এক কোটি মানুষ দেশের অভ্যন্তরে বাস্তুচ্যুত হয়েছিল। বঙ্গবন্ধু ভারতে আশ্রিত এবং বাংলাদেশের অভ্যন্তরে যারা বাস্তুচ্যুত হয়েছিল তাদের পুনর্বাসন করেছিলেন।

তিনি আরো বলেন, পাকিস্তানিরা যখন বুঝতে পেরেছিল তাদের পরাজয় নিশ্চিত, বাংলাদেশ ব্যাংকের ভল্ট খুলে তারা টাকায় আগুন জ্বালিয়ে দিয়েছিল। বৈদেশিক মুদ্রা জ্বালিয়ে দিয়েছিল আর কিছু লুট করে নিয়ে গিয়েছিল। দেশের যোগাযোগব্যবস্থা বিধ্বস্ত, ব্যাংকে কোন টাকা নেই— এমন পরিস্থিতিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছিলেন। বঙ্গবন্ধু দেশকে পুনর্গঠিত করে যখন সন্দির দিকে এগিয়ে নিয়ে যাচ্ছিলেন তখন তাঁকে হত্যা করা হয়।

সিঙ্গাপুর, মালয়েশিয়া আমাদের চেয়ে পশ্চাৎপদ দেশ ছিল উল্লেখ করে তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, এখন আমরা মালয়েশিয়া-সিঙ্গাপুরের কথা শুনি, তাঁরা আমাদের চেয়ে খারাপ ছিল। এখন তারা আমাদের চেয়ে ভালো— এর কারণ হলো বঙ্গবন্ধুকে হত্যা। বঙ্গবন্ধু যুদ্ধবিধ্বস্ত দেশকে পুনর্গঠন করে অর্থনীতির চাকাকে যখন বেগবান গতিতে এগিয়ে নিয়ে যাচ্ছিলেন তখন বঙ্গবন্ধুকে হত্যা করা হয়েছিল।

দেশের বর্তমান অগ্রগতির কথা তুলে ধরে মন্ত্রী বলেন, এখন বাংলাদেশে ছেঁড়া কাপড় পরা, খালি পায়ের কাউকে দেখা গেলে মানুষ ভাবে তার মানসিক কোনো সমস্যা আছে। আজকে ঘরে ঘরে বিদ্যুৎ আছে, রাস্তা-ঘাট হয়েছে, গ্রামে-গঞ্জে কুঁড়ে ঘর নাই, সব জায়গায় কমপক্ষে টিনের চালা হয়েছে। এখন বাড়ির ছোটরা চেরাগ, ল্যাম্প, হারিকেন চেনে না- এগুলো এখন ড্রয়িং রুমে সাজিয়ে রাখার মতো জিনিসে পরিণত হয়েছে। এত সব উন্নয়ন শেখ হাসিনার কারণে হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

বিএনপি-জামাতের সমালোচনা করে তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, দেশের উন্নয়ন দেখে বিএনপি-জামাতের নেতাদের মাথা ঠিক নাই। তাদের মুখে এখন হতাশার সুর। বিদেশিদের কাছে ধরনা দিয়ে কাজ হয় নাই, কয়েকটি পত্রিকার খবর দেখে তাদের চেহারা মলিন হয়ে গেছে। বিদেশিরা তাদের তত্ত্বাবধায়ক ও নির্দলীয় সরকারের দাবি মানে নাই। বিদেশিরা দেশে সুষ্ঠু নির্বাচন চায়, আমরাও সুষ্ঠু নির্বাচন চাই, দেশে সুষ্ঠু নির্বাচন হবে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম, এমপি'র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য আব্দুল ওয়াদুদ দারা, সংরক্ষিত আসনের এমপি আদিবা আনজুম মিতা। অনুষ্ঠানে সংসদ সদস্য আয়েন উদ্দিন, সাবেক সংসদ সদস্য বেগম আক্তার জাহান, রাজশাহী মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ডাবলু সরকার ও বাংলাদেশ আওয়ামীলীগের বিভিন্ন সহযোগী সংগঠনের নেতৃবৃন্দসহ নানা শ্রেণি-পেশার বিপুল সংখ্যক মানুষ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/সিকান্দার/২০২৩/২০.৩০ঘ.